

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
আরবান প্লানিং
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.৩৪

তারিখ: ৩ আষাঢ় ১৪২৭

১৭ জুন ২০২০

বিষয়: রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রকল্পের জন্য বোয়ালিয়া ও পবা থানাধীন ৬৭.৭৮২০ একর জমি অধিগ্রহণের অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

সূত্র: রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় এর স্মারকঃ রামেবি/জমি বরাদ্দ-১৫(১১৫)/২০১৭/৫৮৯ তারিখঃ
০৯-০৫-২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় নির্মাণ প্রকল্পের জন্য রাজশাহী জেলার বোয়ালিয়া ও পবা থানাধীন বড়বনগ্রাম, বাজেসিলিন্দা ও বারইপাড়া মৌজায় ৬৭.৭৮২০ একর জমি অধিগ্রহণের অনাপত্তি পত্রের জন্য আবেদন করা হয়েছে। রাজশাহী আঞ্চলিক অফিসের সরজমিন পরিদর্শন প্রতিবেদন এবং রাজশাহী মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান পর্যালোচনায় দেখা যায়, প্রস্তাবিত ভূমি ব্যবহার হিসেবে **Mixed use, Proposed Road** হিসেবে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, নিম্নলিখিত শর্ত সাপেক্ষে জনস্বার্থে অত্র অধিদপ্তরের অনাপত্তি প্রদান পত্র প্রদান করা হলঃ

১. ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রত্যাশী সংস্থাকে প্রচলিত আইন ও বিধি বিধান মেনে ভূমি অধিগ্রহণ করতে হবে।

২. প্রত্যাশী সংস্থাকে নিজস্ব পানি নিষ্কাশনের ব্যবস্থাপনা/ পরিকল্পনা বা ড্রেনেজ ব্যবস্থাপনা/ পরিকল্পনা প্রণয়ন করে তা রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের চলমান রাজশাহী মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান এর সাথে সমন্বয় সাধন করে সুস্বপ্ন পানি প্রবাহ/ নিষ্কাশন নিশ্চিত করতে হবে যেন পার্শ্ববর্তী এলাকাসমূহে জলাবদ্ধতার সৃষ্টি না হয়। বিদ্যমান বা সংলগ্ন কোন “জলাধার” ভরাট না করে সংরক্ষণ করতে হবে।

৩. প্রস্তাবিত জমির পার্শ্ববর্তী বাইপাস ও বাইপাস সড়ক সংযোগ সড়কে নিরাপদ যোগাযোগ ব্যবস্থায় নিশ্চিতকরণের লক্ষ্যে প্রত্যাশী সংস্থাকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে **Traffic Management** এর বিষয়ে চলমান **Rajshahi Metropolitan Development Plan** এর সাথে সাথে সমন্বয় করতে হবে।

৪. প্রস্তাবিত সাইটের পূর্ব পাশের বন্ধ গেট টু সিটি হাট ৮০ফিট চওড়া সড়কে যোগাযোগ ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রত্যাশী সংস্থাকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সহযোগিতায় পার্শ্ববর্তী এলাকার জন্য **Traffic Management Plan** প্রণয়ন করতে হবে এবং তা চলমান **Rajshahi Metropolitan Development Plan** এর সাথে সমন্বয় করতে হবে।

৫. প্রকল্পটি বাস্তবায়ন হলে এর প্রভাবে সংলগ্ন ভূমি ব্যবহারে যে পরিবর্তন আসবে, তা চলমান **Rajshahi Metropolitan Development Plan** এর সাথে সমন্বয় করতে হবে। একিসাথে, পরিবেশ সুরক্ষা ও স্বাস্থ্যগত ঝুঁকি এড়ানোর লক্ষ্যে ক্লিনিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

৬. সাইটে ও পার্শ্ববর্তী এলাকায় বিদ্যমান সামাজিক প্রতিষ্ঠান সমূহ (স্কুল, মসজিদ, খানকাহ ও মন্দির) চলমান ভূমি ব্যবহার পরিকল্পনায় বিবেচনায় নিয়ে তা পুনর্নির্মাণ/ পুনর্বাসন করতে হবে।

উল্লেখ যে, এই অনাপত্তিপত্র প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের ভূমি ব্যবহারের অনাপত্তিপত্র ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ষিপত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তিঃ বর্নণামতে



১৭-৬-২০২০

মাকসুদ হাসেম
সিনিয়র প্ল্যানার


অধ্যাপক ডা. মোহা: আনোয়ারুল কাদের, রেজিস্ট্রার, রাজশাহী
মেডিকেল বিশ্ববিদ্যালয়
রাজশাহী

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০০.৩৩.০০৬.১৭.৩৪/১(৩)

তারিখ: ৩ আষাঢ়. ১৪২৭
১৭ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর



১৭-৬-২০২০

মোহসিনাত নাসরিন
প্ল্যানার